

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
ব্রাহ্মণবাড়িয়া পলিটেকনিক ইনস্টিটিউট  
ইসলামপুর, বিজয়নগর, ব্রাহ্মণবাড়িয়া  
সিটিজেন চার্টার

কার্যক্রম	বিবরণ	সংশ্লিষ্ট কর্মকর্তা
একাডেমিক	<p>০১. শিক্ষার্থী ও অভিভাবকদের সচেতনতার জন্য ভর্তির প্রচারণা এবং হেল্প ডেস্কের ব্যবস্থা করা হয়।</p> <p>০২. ভর্তি সংক্রান্ত স্থানীয় কার্যক্রম সম্পন্ন করা।</p> <p>০৩. শিক্ষার্থীদের আইডি কার্ড (পরিচয়পত্র) প্রদান করা হয়।</p> <p>০৪. প্রত্যয়নপত্র প্রদান করা হয়।</p> <p>০৫. বোর্ড নির্ধারিত বিভিন্ন ফি শিওর ক্যাশের মাধ্যমে গ্রহণ করা হয়।</p> <p>০৬. শিক্ষার্থীদের বিভিন্ন বৃত্তির/ভাতার টাকা ব্যাংক একাউন্টের মাধ্যমে প্রদান করা হয়।</p> <p>০৭. স্টেপ প্রকল্পের আওতায় গরীব মেধাবী ছাত্রদের এবং সকল ছাত্রীদের মাসিক ৮০০/- টাকা হারে বৃত্তি প্রদান করা হয়।</p> <p>০৮. পর্ব ভিত্তিক ৬৫% শিক্ষার্থীকে ১৬৫০/- টাকা সরকারি মেধাবৃত্তি প্রদান করা হয়।</p> <p>০৯. ৮ম পর্বের সকল শিক্ষার্থীদের শিল্প কারখানায় বাস্তব প্রশিক্ষণ ভাতা ১২০০০/- টাকা প্রদান করা হয়।</p> <p>১০. শিক্ষার্থীদের নিয়মিত গাইডেন্স ও কাউন্সেলিং করা হয়।</p> <p>১১. শিল্পকারখানার সাথে সম্পর্ক উন্নয়নের মাধ্যমে পাশ করা শিক্ষার্থীদের কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করা হয়।</p> <p>১২. জব প্রেসমেন্ট সেলের মাধ্যমে পাশ করা শিক্ষার্থীদের তথ্য ডাটাবেজে সংরক্ষণ করে চাকুরী প্রাপ্তিতে সহযোগিতা করা হয়।</p> <p>১৩. বিভিন্ন পর্যায়ে স্কিল কম্পিটিশনে শিক্ষার্থীদের অংশগ্রহণে সহযোগিতা করা হয়।</p> <p>১৪. শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন/প্রবেশপত্র/নম্বরপত্র/সনদের ভুল সংশোধনের প্রক্রিয়াকরণ করা হয়।</p> <p>১৫. শিক্ষার্থীদের শুদ্ধাচার সম্পর্কিত শিক্ষা প্রদান করা হয়।</p> <p>১৬. শিক্ষার্থীদের জঙ্গিবাদ ও সন্ত্রাসবাদ সম্পর্কে সচেতনতা বৃদ্ধি করা হয়।</p> <p>১৭. শিক্ষার্থীদের কর্মক্ষেত্রে নিরাপত্তা ও স্বাস্থ্য সচেতনতা বৃদ্ধি করা হয়।</p> <p>১৮. রেজিস্টার্ড ট্রেনিং অর্গানাইজেশন (আরটিও) এর মাধ্যমে দক্ষতার মূল্যায়ন ও প্রাতিষ্ঠানিক স্বীকৃতি প্রদান করা হয়।</p> <p>১৯. অন-লাইনে পর্ব সমাপনী পরীক্ষার ফরম পূরণ করানো হয়।</p> <p>২০. সকল পর্বের শিক্ষার্থীদের ফলাফল, নম্বর পত্র ও সনদপত্র সংরক্ষণ এবং বিতরণ করা হয়।</p>	বিভাগীয় প্রধানগণ ও রেজিস্ট্রার সেকশন
প্রশাসনিক	<p>০১. অভিযোগ গ্রহণ এবং নিষ্পত্তি করা হয়।</p> <p>০২. শিক্ষার্থীদের ও অভিভাবকদের সাথে অধ্যক্ষ মহোদয়ের সাক্ষাৎকার এর সুযোগ আছে।</p> <p>০৩. দরপত্রের বিজ্ঞপ্তি প্রদান, দরপত্র দলিল প্রস্তুত, বিতরণ, জমাগ্রহণ ও মূল্যায়ন করা হয়।</p> <p>০৪. স্থানীয় প্রশাসন, জন প্রতিনিধি ও গণ্যমান্য ব্যক্তিবর্গের সাথে যোগাযোগ এবং নিয়মিতভাবে মতবিনিময় করা হয়।</p> <p>০৫. স্থানীয় শিল্পকারখানার সাথে সার্বক্ষণিক যোগাযোগ, মতবিনিময় ও আধুনিক টেকনোলজি সম্পর্কে পরামর্শ গ্রহণ করা হয়।</p> <p>০৬. প্রতিষ্ঠানের ওয়েবসাইট ও ফেসবুক পেজের মাধ্যমে বিভিন্ন তথ্যাদি প্রকাশ করা হয়।</p>	অধ্যক্ষ, বিভাগীয়প্রধান, সংশ্লিষ্ট কমিটি ও স্টোর কিপার।
সহশিক্ষা	<p>০১. শিক্ষার্থীদের দেশের মহান মুক্তিযুদ্ধের চেতনা সমৃদ্ধ ইতিহাস, ঐতিহ্য ও জাতীয় সংস্কৃতির সংরক্ষণ ও লালন করার লক্ষ্যে যথাযোগ্য মর্যাদার সাথে বিভিন্ন জাতীয় দিবস উদযাপন করা হয়।</p> <p>০২. বিভিন্ন সামাজিক ও ধর্মীয় অনুষ্ঠান পরিচালনা, রক্তদান ও বৃক্ষরোপন কর্মসূচি পালন করা হয়।</p> <p>০৩. শিক্ষার্থীদের বিভিন্ন শিল্প-কারখানায় পরিদর্শন করানো হয়।</p> <p>০৪. বার্ষিক ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিযোগিতার আয়োজন করা হয়।</p> <p>০৫. ম্যাগাজিন প্রকাশনার মাধ্যমে শিক্ষার্থীদের সৃজনশীলতার বিকাশ ঘটানোর সুযোগ সৃষ্টি করা হয়।</p> <p>০৬. শিক্ষার্থী, অভিভাবক ও শিক্ষক-কর্মচারীর সমন্বয়ে মনবিনিময়ের মাধ্যমে কারিগরি শিক্ষার উন্নতির লক্ষ্যে অভিভাবক দিবস পালন করা হয়।</p> <p>০৭. শিক্ষার্থীদের জন্য সার্বক্ষণিক লাইব্রেরী (বই এবং পত্রিকা পড়া) সুবিধা রয়েছে।</p> <p>০৮. শিক্ষার্থীদের পরিষ্কার পরিচ্ছন্নতা এবং নিরাপত্তা সম্পর্কিত কাজে অংশ গ্রহণ করানো হয়।</p> <p>০৯. বিভিন্ন জাতীয় ও আন্তর্জাতিক দিবস উপলক্ষে আয়োজিত বিভিন্ন ক্রীড়া প্রতিযোগিতা ও আলোচনা অনুষ্ঠানে শিক্ষার্থীদের সক্রিয় অংশগ্রহণ নিশ্চিত করা হয়।</p> <p>১০. শিক্ষার্থীদের রোভার স্কাউট, যুব রোড ক্রিসেন্ট সহ বিভিন্ন স্বেচ্ছাসেবী সংগঠনে সক্রিয় অংশগ্রহণ নিশ্চিত করা হয়।</p> <p>১১. কারিগরি শিক্ষার প্রচার, প্রসার, গণসচেতনতা তৈরী ও শিল্প কারখানার সাথে সম্পর্ক সৃষ্টির মাধ্যমে শিক্ষার্থীদের প্রশিক্ষণ এবং পাশ করার পর চাকুরী প্রাপ্তির উদ্দেশ্যে সেমিনার, মতবিনিময় সভা ও জব ফেয়ারের আয়োজন করা হয়।</p>	অধ্যক্ষ, বিভাগীয় প্রধানগণ, শিক্ষক-শিক্ষিকা ও কর্মচারীবৃন্দ এবং শিক্ষার্থীবৃন্দ।



প্রকৌশলী মোঃ আবুল কালাম আজাদ  
অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)  
ব্রাহ্মণবাড়িয়া পলিটেকনিক ইনস্টিটিউট  
ইসলামপুর, বিজয়নগর, ব্রাহ্মণবাড়িয়া।